

“জমি ক্রয় বিজ্ঞপ্তি”

স্মারক নং-২৭.১২.০০০০.০০৮.০৭.০০১.২৬. ২৬০

তারিখঃ-০৬/০৩/২০২৬ খ্রি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতায় গাজীপুর অঞ্চলে একটি কেন্দ্রীয় পণ্যাগারসহ বাপবিবোর্ডের অন্যান্য অফিস স্থাপনের লক্ষ্যে নিম্নেরবর্ণনা অনুযায়ী কমপক্ষে ২৫ (পঁচিশ) একর জমি ক্রয় করা হবে।

ক্রঃনং	জমি ক্রয়ের বিবরণ	জমি ক্রয়ের অবস্থান	জমির পরিমাণ
০১।	গাজীপুর অঞ্চলে একটি কেন্দ্রীয় পণ্যাগার ও অন্যান্য অফিস স্থাপন।	গাজীপুর জেলার সদর উপজেলার আওতাধীন হাই-ওয়ে সংলগ্ন এলাকা।	কমপক্ষে ২৫ একর

শর্তাবলীঃ

- ০১। গাজীপুর জেলার সদর উপজেলার আওতাধীন হাই-ওয়ে সংলগ্ন এলাকা হতে হবে।
- ০২। এক দাগে বর্ণিত সাইজ/পরিমানের জমি পাওয়া না গেলে পাশাপাশি একাধিক দাগের মালিকগণ একত্রে দরপত্র দাখিল করতে পারবেন।
- ০৩। জমি নিষ্কটক হতে হবে।
- ০৪। দরপত্র দাখিলের সময় অবশ্যই প্রতি শতক জমির মূল্য উল্লেখসহ জমির মোট মূল্য দাখিল করতে হবে।
- ০৫। জমির মূল মালিকের নামে একাউন্টস পেয়ী চেকের মাধ্যমে বাপবিবোর্ড কর্তৃক মূল্য পরিশোধ করা হবে এবং সরকারী নিয়মানুযায়ী জমি রেজিস্ট্রেশনের সময় যাবতীয় ব্যয় ক্রেতা কর্তৃক বহন করা হবে। তবে গেইন ট্যাক্স জমির মালিক-কে পরিশোধ করতে হবে।
- ০৬। জমি ক্রয় কমিটি জমির মালিক/মালিকগণের সাথে আলোচনার (Negotiation) মাধ্যমে চূড়ান্ত দর নির্ধারণ করবেন।
- ০৭। প্রস্তাবিত জমিতে বাউন্ডারীসহ ব্যবহার উপযোগী অবকাঠামো থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

এমতাবস্থায়, বর্ণিত এলাকায় উল্লেখিত জমি বিক্রয়ের জন্য আগ্রহী একক/একাধিক জমির মালিক/মালিকগণকে আগামী ৩০/০৩/২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিম্নবর্ণিত দলিলাদি সহকারে প্রধান প্রকৌশলী (প্রকল্প) এর দপ্তর, সদর দপ্তর ভবন, ৪র্থ তলা, বাপবিবো, খিলক্ষেত, ঢাকা-১২২৯ বরাবর আবেদন জমা প্রদানের জন্য অনুরোধ করা হলোঃ

- ক) জমির মালিকানার স্বপক্ষে দলিল, বায়া দলিল, হালনাগাদ নামজারী, রেকর্ড ও ভূমি উন্নয়ন কর পরিশোধের রশিদ ইত্যাদির অনুলিপি (প্রযোজ্যতা অনুযায়ী) প্রস্তাবের সাথে দাখিল করতে হবে;
- খ) জমির তফসিল উল্লেখপূর্বক মৌজা ম্যাপে প্রস্তাবিত জায়গা চিহ্নিত করতঃ তা সংযুক্ত করতে হবে;
- গ) জমির মালিকানা ও দখলিসত্ত্ব বিষয়ে আদালতে কোন মামলা মোকদ্দমা নাই; উহা অপিত সম্পত্তির প্রত্যর্পণ আইন মোতাবেক 'ক' গেজেটভুক্ত/সার্টিফিকেট মামলা ঋণ/অধিগ্রহণাধীন/প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইনের আওতাধীন নহে এ মর্মে জমির মালিক/বৈধ প্রস্তাবকারী কর্তৃক নোটারীকৃত প্রত্যয়ন/ঘোষণাপত্র দাখিল করতে হবে;
- ঘ) বৈধ ক্ষমতাপ্রাপ্ত বিক্রেতা/প্রতিষ্ঠানের ক্ষেত্রে ক্ষমতাপ্রাপ্তির প্রমাণক হিসেবে রেজিস্টার্ড চুক্তিপত্র/অপরিবর্তনীয় আমমোস্তারনামা দাখিল করতে হবে ;
- ঙ) জমির মালিক/ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে ট্রেড লাইসেন্স, ভ্যাট ও ট্যাক্স এর সনদ দাখিল করতে হবে;
- চ) সকল দরদাতার প্রস্তাবিত জমি দরদাতার বৈধ অধিকারে এবং দখলে থাকতে হবে;
- ছ) যে কোন প্রস্তাব গ্রহণ/বাতিল কিংবা সকল প্রস্তাব বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বিস্তারিত তথ্যের জন্য নিম্নোক্ত মোবাইল নম্বরসমূহে যোগাযোগ করা যেতে পারে।

মোবাইল নম্বরঃ ০১৭৬৯-৪০০০০৮/০১৭৬৯-৪০০০৩১



বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

(মোঃ শফিকুর রহমান)
প্রধান প্রকৌশলী (প্রকল্প)
প্রধান প্রকৌশলী (প্রকল্প) এর দপ্তর,
সদর দপ্তর ভবন (৪র্থ তলা), বাপবিবো, ঢাকা।
ফোনঃ ০২-৮৯০০৩১০
e-mail: cepbreb@gmail.com

বাপবিবো/জন ২৬০৩ - ১৩৬ ২০২৫-২০২৬

৪৬: X ২ ১

অফিস নামঃ

স্থানঃ, তারিখঃ ০২/০৩/২৬

দায়িত্ব নামঃ (২) ইন্সপেক্টর

(২) Daily observer

(মোঃ শফিকুর রহমান)
প্রধান প্রকৌশলী (প্রকল্প)
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড।